

বাংলাদেশ কোস্ট গার্ড এর অপারেশনাল কর্মকাণ্ডের সাফল্যের সচিত্র প্রতিবেদন - জানুয়ারি ২০২৬

১। **সর্বমোট অর্জন।** জানুয়ারি ২০২৬ মাসে ৩,৬৪৩টি অভিযান পরিচালনা করে সর্বমোট টাকা ৮৪৩ কোটি ৯৮ লক্ষ ২৭ হাজার ৮৬৫ মূল্যের অবৈধ বিভিন্ন প্রকার মালামাল আটক করা হয় এবং আটককৃত পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।

২। **চোরাচালান বিরোধী অভিযান।** জানুয়ারি ২০২৬ মাসে চোরাচালান বিরোধী অভিযানে মোট ৩৩,৩৪,৩১,৯২৩ টাকার বিভিন্ন প্রকার অবৈধ চোরাচালান পণ্য আটক করা হয় এবং আটককৃত পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



ঢাক জোন কর্তৃক আটককৃত অবৈধ চোরাচালান পণ্য



পূর্ব জোন কর্তৃক আটককৃত অবৈধ চোরাচালান পণ্য

৩। **অস্ত্র উদ্ধার অভিযান।** জানুয়ারি ২০২৬ মাসে অবৈধ অস্ত্র উদ্ধার অভিযানে ১৩টি আগ্নেয়াস্ত্র, ৮১ রাউন্ড তাজা গোলা, ০৪ রাউন্ড ফাঁকা কার্তুজ, ম্যাগাজিন ০১টি, ৩২ টি দেশীয় ধারালো অস্ত্র এবং ৩০ জন ডাকাতকে আটক করা হয়। আটককৃত ডাকাত ও অন্যান্য অস্ত্রাদি আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পূর্ব জোন কর্তৃক আটককৃত অবৈধ অস্ত্র



পশ্চিম জোন কর্তৃক আটককৃত অবৈধ অস্ত্র

সীমিত

৪। **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযান।** জানুয়ারি ২০২৬ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযানে ২,৮৬,৫৮৩ পিস ইয়াবা, ০২ কেজি ২৫০ গ্রাম ক্রিস্টাল মেথ আইস, ২২ বোতল হাইস্কি, ৪১ বোতল বিয়ার, ৯০ বোতল ফেনসিডিল, ১২ কেজি ৮১৫ গ্রাম গাঁজা, ১৫ গ্রাম হিরোইন এবং ৫৯ জন মাদক ব্যবসায়ীকে আটক করা হয়। আটককৃত মাদকদ্রব্য ও মাদক ব্যবসায়ীদেরকে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পূর্ব জোন কর্তৃক আটককৃত অবৈধ মাদকদ্রব্য



পশ্চিম জোন কর্তৃক আটককৃত অবৈধ মাদকদ্রব্য



দক্ষিণ জোন কর্তৃক আটককৃত অবৈধ মাদকদ্রব্য



পূর্ব জোন কর্তৃক আটককৃত অবৈধ মাদকদ্রব্য

৫। **মৎস্য সম্পদ রক্ষা অভিযান।** জানুয়ারি ২০২৬ মাসে মৎস্য সম্পদ রক্ষা অভিযানে মোট ৭৭৮,০১,২৬,৯২০ টাকা অর্থমূল্যের মালামাল তন্মধ্যে ৬,০৯,৯২,৬০০ মিটার কারেন্ট জাল, ৮৬৪ পিস বেহন্দি/অন্যান্য জাল, ৩,৮৬,৮০,৬৫৫ মিটার চরঘেরা/অন্যান্য জাল, ৯৩,১৮৭ কেজি ইলিশ/জাটকা, ৪,৭৪২ কেজি জেলি পুশকৃত চিংড়ি, ৫০,০০০ পিস চিংড়ি পোনা, ১,৫৮০ কেজি অন্যান্য পোনা, ১২,৩৫৬ কেজি অন্যান্য মাছ এবং ১৫টি বোট জব্দ করা হয়। জব্দকৃত বোট ও অন্যান্য পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পশ্চিম জোন কর্তৃক আটককৃত অবৈধ জাল



পূর্ব জোন কর্তৃক আটককৃত অবৈধ জাল



দক্ষিণ জোন কর্তৃক আটককৃত অবৈধ জাল



ঢাকা জোন কর্তৃক আটককৃত অবৈধ জাল

৬। বনজ সম্পদ ও পরিবেশ রক্ষা অভিযান। জানুয়ারি ২০২৬ মাসে বনজ ও পরিবেশ রক্ষা অভিযানে ১১৭ কেজি হরিণের মাংস, ৪০০ মিটার হরিণ ধরার ফাঁদ ও ১,২৬০ কেজি পলিথিন জব্দ করা হয়। আটককৃত মালামাল আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



দক্ষিণ জোন কর্তৃক আটককৃত অবৈধ পলিথিন



পশ্চিম জোন কর্তৃক আটককৃত হরিণের মাংস

সীমিত

৭। **উদ্ধার অভিযান।** জানুয়ারি ২০২৬ মাসে উপকূলীয় অঞ্চলে বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক উদ্ধার অভিযান পরিচালনা করে ৭০ জন যাত্রী/জেলে/অপহৃত ব্যক্তি ও ০৩টি মৃতদেহ উদ্ধার করা হয়। উদ্ধারকৃত যাত্রী/জেলে ও মৃতদেহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



বিসিজিএস কামরুজ্জামান কর্তৃক উদ্ধারকৃত জেলে